

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী “মুজিব বর্ষ-২০২০” উদযাপন
উপলক্ষ্যে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মসূচী :


- ১। জাতীয় কর্মসূচীর সাথে সমন্বয় রেখে কেন্দ্রীয়ভাবে এবং জেলা ও উপজেলা পর্যায়ে জাঁকজমকপূর্ণভাবে র্যালী ও সমাবেশ করা হবে।
- ২। বৃক্ষ রোপন কর্মসূচী :
জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকীতে “মুজিব বর্ষ ২০২০” উদযাপন উপলক্ষ্যে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক অধিদপ্তরের সকল কার্যালয়ে ঔষধি ও ফলজ বৃক্ষরোপণ এর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ কার্যক্রমের আওতায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের ১০টি সার্কেলে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়ে ফলজ ও ঔষধি বৃক্ষ, ৬৯টি জেলা/ভান্ডার এর নিবাহী প্রকৌশলীর কার্যালয়ে প্রতিটিতে ২৫টি ফলজ ও ঔষধি বৃক্ষ, ৪৯২টি উপজেলায় সহকারী/উপ-সহকারী প্রকৌশলী কার্যালয়ের প্রতিটিতে ১৫টি ফলজ ও ঔষধি বৃক্ষ সর্বমোট ৯,৩০৫টি বৃক্ষ রোপণের কর্মসূচি হাতে নেয়া হয়েছে। উক্ত কার্যক্রম জুন ২০২০ হতে শুরু করে সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে সমাপ্ত করা হবে।
- ৩। চা-বাগান, হাওর, ছিটমহল এলাকার দরিদ্র জনগোষ্ঠির জন্য নিরাপদ পানির উৎস ও টেকসই ল্যান্ড্রিন স্থাপন কর্মসূচী :
* ৭টি জেলার ১৬২টি চা-বাগান এলাকায় ৩০০৪টি নিরাপদ পানির উৎস স্থাপন ও ৯৬০৫টি টেকসই ল্যান্ড্রিন স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে যা জানুয়ারি/২০২০-এ শুরু করে ডিসেম্বর/২০২০ এর মধ্যে বাস্তবায়ন করা হবে।
* ৪টি জেলার ৫৯টি ছিটমহল এলাকায় ৬০০টি নিরাপদ পানির উৎস স্থাপন ও ৬০০টি টেকসই ল্যান্ড্রিন স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে যা জানুয়ারি/২০২০-এ শুরু করে ডিসেম্বর/২০২০ এর মধ্যে বাস্তবায়ন করা হবে।
* ৩৭৩টি হাওর এলাকায় ১১৪৯৩টি পানির উৎস স্থাপন ও ২০২১ টি টেকসই ল্যান্ড্রিন স্থাপনের কার্যক্রম শুরু হবে জানুয়ারি/২০২০ এবং ডিসেম্বর/২০২০ এর মধ্যে বাস্তবায়ন করা হবে।
- ৪। “আর্সেনিক প্রবণ এলাকায় নলকূপের পানিতে বিনামূল্যে আর্সেনিক পরীক্ষা :
দেশের সকল আর্সেনিক প্রবণ এলাকায় বিনামূল্যে ৩০ লক্ষ নলকূপের পানিতে আর্সেনিক পরীক্ষাকরণ ও নিরাপদ/অনিরাপদ পানির উৎস সবুজ/লাল রং এর মাধ্যমে চিহ্নিতকরণ কাজ ২০২০ সালের এপ্রিল মাসে শুরু করে অক্টোবর ২০২০ সালের মধ্যে সম্পন্ন করা হবে।
- ৫। “বিশ্ব পানি দিবস-২০২০” জাঁকজমকপূর্ণভাবে কেন্দ্রীয় ও জেলা পর্যায়ে উদযাপনঃ
২২ মার্চ ২০২০ তারিখ “বিশ্ব পানি দিবস ২০২০” উদযাপন উপলক্ষ্যে আন্তর্জাতিকভাবে গৃহীত ‘থীম’ এর সাথে সংগতি রেখে পোস্টার, লিফলেট প্রকাশ এবং প্রচার। কেন্দ্রীয় পর্যায়ে জাঁকজমকপূর্ণভাবে দিবসটি উদ্বোধন, সেমিনার, আলোচনা অনুষ্ঠানের আয়োজন। জেলা পর্যায়ে র্যালী, আলোচনা অনুষ্ঠান ও ভিডিও প্রদর্শন। বিভিন্ন প্রচার মাধ্যমে আলোচনা অনুষ্ঠান, নিউজ কাভারেজ ও বিজ্ঞাপন প্রচার।

৬। “বিশ্ব হাতধোয়া দিবস-২০২০” জাঁকজমকপূর্ণভাবে উদ্‌যাপন :

১৫ অক্টোবর ২০২০ তারিখে “বিশ্ব হাতধোয়া দিবস-২০২০” উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক গৃহীত ‘থীম’ এর সাথে সংগতি রেখে পোস্টার, লিফলেট প্রকাশ এবং প্রচার। বিশ্ব রেকর্ড অর্জনের লক্ষ্যে বাংলাদেশের সকল প্রাথমিক বিদ্যালয়ের সকল ছাত্র/ছাত্রীদের একযোগে হাতধোয়া অনুশীলন। জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে দিবসটি উদ্বোধন এবং উদ্বোধনী অনুষ্ঠান সারাদেশে একযোগে কতজন ছাত্র/ছাত্রী হাত ধোত করল তা ডিজিটাল সার্ভারের মাধ্যমে সংখ্যা গণনা করে তা বড় পর্দার মাধ্যমে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করা হবে।

৭। অধিদপ্তরীয় জেলা কার্যালয়ে সমূহ হতে জনগণের জন্য বছরব্যাপী নিরাপদ খাবার পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ।

৮। ‘জাতীয় স্যানিটেশন মাস অক্টোবর ২০২০’ জাঁকজমকপূর্ণভাবে কেন্দ্রীয়, জেলা ও উপজেলা পর্যায়ে উদ্‌যাপন।


(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।